

প্রথম আলো

প্রথম আলো, ২০১৯-০৫-০৬, পৃঃ ০৫



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে আন্তর্জাতিক সম্মেলন

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে 'অ্যাডভান্স ইন সায়েন্স, ইঞ্জিনিয়ারিং অ্যান্ড রোবটিকস টেকনোলজি' শীর্ষক তিন দিনের আন্তর্জাতিক সম্মেলন শুরু হয়েছে। গত শুক্রবার সম্মেলনের উদ্বোধন করেন শিক্ষামন্ত্রী দীপু মনি। বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং বিভাগ এবং জাপান-বাংলাদেশ রোবটিকস অ্যান্ড অ্যাডভান্স টেকনোলজি রিসার্চ সেন্টার আয়োজিত সম্মেলনে বাংলাদেশসহ ২০টি দেশের সাড়ে তিন শতাধিক গবেষক অংশ নিয়েছেন। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারপারসন ও সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা সৈয়দ মঞ্জুর এলাহী, বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর মোহাম্মদ ফরাসউদ্দিন, উপাচার্য এম এম শহিদুল হাসান, সহ-উপাচার্য ফকরুল আলম, কম্পিউটার সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারপারসন আহমেদ ওয়াসিফ রেজা প্রমুখ। বিজ্ঞপ্তি

